

বিপজ্জনক বায়ুদূষণ: দিল্লিতে হোম অফিস চালু

- A Monitor Desk Report

Date: 25 November, 2025



ঢাকা: নয়াদিল্লিতে আবারও শ্বাসরুদ্ধ অবস্থা। ভারতের রাজধানীর বাতাসে দূষণ বিপজ্জনক মাত্রায় পৌঁছানোর পর কমিশন ফর এয়ার কোয়ালিটি ম্যানেজমেন্ট গ্রেডেড রেসপন্স অ্যাকশন প্ল্যানের তৃতীয় ধাপ চালু করেছে।

এই ধাপ কার্যকর হওয়ার সঙ্গে সঙ্গে সরকারি ও বেসরকারি অফিসকে জানিয়ে দেওয়া হয়েছে, কর্মীদের মাত্র অর্ধেক অফিসে উপস্থিত থাকতে পারবেন, বাকিদের বাধ্যতামূলকভাবে বাড়ি থেকে কাজ করতে হবে।

এর আগে স্কুলগুলোর জন্যও কড়া নির্দেশ জারি হয়েছিল। বাতাসের মান অত্যন্ত খারাপ হওয়ার কারণে দিনে খোলা আকাশের নিচে কোনো ধরনের খেলা বা কার্যক্রম নিষিদ্ধ করেছে দিল্লি সরকার।

শীত এলেই দিল্লির বাতাসে বিষাক্ত ধোঁয়ার মাত্রা বেড়ে যায়। এয়ার কোয়ালিটি ইনডেক্স ৪০১ থেকে ৪৫০-এর মধ্যে পৌঁছালেই দিল্লিতে যান চলাচল ও অফিস কার্যক্রম সীমিত করা হয়।

দিল্লির পরিবেশ মন্ত্রী মনজিন্দর সিং সিরসা জানিয়েছেন, সরকারের পক্ষ থেকে সমস্ত শর্ত কঠোরভাবে ও সার্বক্ষণিক নজরদারির মাধ্যমে বাস্তবায়ন করা হচ্ছে। নাগরিকদেরও সতর্ক থাকতে বলা হয়েছে। বিশেষ করে বর্জ্য বা জৈব পদার্থ খোলা জায়গায় পোড়ানো সম্পূর্ণ বন্ধ করার অনুরোধ জানানো হয়েছে।

-B